



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৯৩

তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রি:

বিষয়ঃ সুফলভোগী সদস্যের সঠিকতা যাচাইকরণ ও ঋণ ব্যবস্থাপনা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় পরিচালনাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের বিভিন্ন উপজেলার কার্যক্রম পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, কিছু কিছু উপজেলার কিছু সংখ্যক সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্রের নম্বর সঠিক নেই অথবা অন্যের জাতীয় পরিচয়পত্রের নাম, ছবি ও ঠিকানা পরিবর্তন করে ভূয়া জাতীয় পরিচয়পত্র তৈরি করে সমিতির সদস্য হয়েছেন। এ সকল সদস্য বিভিন্ন নামে বেনামে ভূয়া আইডি কার্ড ব্যবহারের মাধ্যমে বিভিন্ন ব্যক্তিকে সমিতির সদস্য বানিয়ে তাদের বিপরীতে ঋণ সুবিধা গ্রহণ করেন। এর ফলে অনেক ক্ষেত্রে সমিতির একাধিক ভূয়া সদস্যদের বিপরীতে ঋণ গ্রহণ করে এক ব্যক্তির হাতে সমিতির সমুদয় অর্থ হস্তগত হয়। ফলশ্রুতিতে কিছু সংখ্যক উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে ও খেলাপী ঋণ আদায় করা সম্ভব হচ্ছে না এবং বাস্তবে সদস্য খুঁজে পাওয়া যায় না। সদস্য অন্তর্ভুক্তি ও ঋণ বিতরণকালে জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদর্শন এবং ছায়ালিপি সংরক্ষণ করা বাধ্যতামূলক করা সত্ত্বেও তা সঠিকভাবে প্রতিপালিত হচ্ছে না। তাই প্রকল্প/কর্মসূচির সেবাসমূহ প্রকল্পের নীতিমালা অনুযায়ী সুফলভোগী সদস্য ব্যতিত অন্য কোন ভূয়া/অস্তিত্বহীন সদস্যের নামে গ্রহণ করতে না পারে সেজন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলোঃ

- ১) প্রকল্প/কর্মসূচিবৃত্ত উপজেলার বিদ্যমান সকল সুফলভোগী সদস্যের জাতীয় পরিচয়পত্রের সঠিকতা উপজেলাস্থ নির্বাচন অফিসের মাধ্যমে পর্যায়ক্রমে যাচাই করতে হবে। যাচাইকৃত প্রতিবেদন (সংযুক্ত ছক অনুযায়ী) মাসিক ভিত্তিতে (প্রতি মাসের ১০ তারিখের মধ্যে) প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে;
- ২) বিদ্যমান সদস্যদের মধ্যে কোন ভূয়া/অস্তিত্বহীন সদস্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার সদস্যপদ বাতিল করতে হবে এবং সংশ্লিষ্ট মাঠ সংগঠকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৩) নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে সরেজমিনে বাড়িঘর এবং জাতীয় পরিচয়পত্র ভালোভাবে যাচাই (প্রয়োজনে নির্বাচন অফিস হতে) করে নিতে হবে। সংশ্লিষ্ট মাঠ সংগঠক জাতীয় পরিচয়পত্রের মূল কপি দেখে তার কর্তৃক সত্যায়িত অনুলিপি নথিতে সংরক্ষণ করতে হবে;
- ৪) ঋণ বিতরণের সময় আবশ্যিকভাবে মূল জাতীয় পরিচয়পত্র দেখে সদস্যের পরিচিতি নিশ্চিত হতে হবে;
- ৫) সমিতির বিভিন্ন সদস্যের নামে বিতরণকৃত ঋণের অর্থ এক ব্যক্তির নিকট হস্তগত হলে এবং উক্ত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী হলে উক্ত অনাদায়ী অর্থ সংশ্লিষ্ট মাঠ সংগঠক (৬০%) ও এআরডিও'র (৪০%) বেতন ভাতা হতে সমন্বয় করতে হবে। দীর্ঘদিন কিস্তিতে অর্থ আদায় না হওয়া সত্ত্বেও বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত না করার অপরাধ প্রমানিত হলে এআরডিও ৪০% এর মধ্যে ১০% হিসাব সহকারীর বেতন-ভাতা হতে সমন্বয় করতে হবে;
- ৬) অধিকাংশ ক্ষেত্রেই কিস্তিতে ঋণের অর্থ আদায় না হওয়ার কারণে পরবর্তিতে মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়। যেহেতু সফটওয়্যারে ডাটা এন্ট্রি এবং এ সংক্রান্ত রিপোর্ট নিয়মিতভাবে হিসাব সহকারীর দায়িত্ব, তাই দীর্ঘদিন কিস্তি আদায় না হওয়ার বিষয়টি জানা সত্ত্বেও কর্তৃপক্ষকে নিয়মিত তথ্য না দেয়ার অপরাধ প্রমানিত হলে মেয়াদোত্তীর্ণ খেলাপীর বিপরীতে তার বেতন-ভাতার ৫% স্থগিত রাখতে হবে;
- ৭) প্রমাণক হিসেবে ঋণ বিতরণের স্থির চিত্র সমিতি ওয়ারী পৃথক ফোল্ডার করে কম্পিউটারে সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি : বর্ণনামতে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

টনমান পৃষ্ঠা-০২

স্মারক নং : ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৯৩


তারিখঃ ০৭/০৮/২০১৮ খ্রি:

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- ।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা । (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩. অফিস কপি/ব্যক্তিগত নথি ।


মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা ।

ছকঃ

উপজেলাঃ

মাসের নামঃ

ক্র.নং	সমিতির নামঃ	সমিতির মোট সদস্য সংখ্যা	নির্বাচন অফিসের মাধ্যমে কতজন সদস্যের এনআইডি যাচাই করা হয়েছে	যাচাই করা হয়নি এমন সদস্য সংখ্যা	ভূয়া এনআইডি পাওয়া গেছে কয়টি	ভূয়া সদস্যদের বিষয়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে	মন্তব্য